

# সুপ্রসন্ন

শনিবার ৮ ফেব্রুয়ারি ২০২০  
২৫ মাঘ ১৪২৬



ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির সমাবর্তনে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনিসহ অতিথিরা

## ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ৬ষ্ঠ সমাবর্তন অনুষ্ঠিত

ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ৬ষ্ঠ সমাবর্তন অনুষ্ঠিত হয়েছে। সমাবর্তন অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের মাদানি এভিনিউ ক্যাম্পাসে সভাপতির বক্তৃতায় শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, জ্ঞানভিত্তিক সমাজ বিনির্মাণ ও ডিজিটাল বাংলাদেশ গড়তে বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে অধিকতর কার্যকর ভূমিকা পালন করতে হবে। বিশ্ববিদ্যালয়ের আচার্য রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের পক্ষে মন্ত্রী সভাপতিত্ব করেন। সমাবর্তন বক্তা হিসেবে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক উপদেষ্টা অধ্যাপক ড. গওহর রিজভী। সমাবর্তন অনুষ্ঠানে ২৩৫২ জন শিক্ষার্থীকে গ্রাজুয়েশন ও পোস্ট গ্রাজুয়েশন ডিগ্রি দেয়া হয়। এছাড়া কৃতিত্বপূর্ণ ফলাফলের জন্য চারজন শিক্ষার্থীকে স্বর্ণপদক প্রদান করা হয়। ড. গওহর রিজভী শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, এই অর্জিত জ্ঞানের মাধ্যমে দেশ-জাতির সেবায় আত্মনিয়োগ করতে হবে। সংবাদ বিজ্ঞপ্তি।